কর্ম্মাদি ভগবানেতে অর্পিত হয়। স্বরূপসিদ্ধাভক্তির বৈশিষ্ট্য এই যে, অবুদ্ধিপূর্ব্বকও যদি তাহা অনুষ্ঠিত হয়, তাহা হইলেও তাহার ভক্তিধর্ম্মের বা ফলপ্রাপ্তির ব্যভিচার নাই। এইজন্য ইহাকে আরোপসিদ্ধা-লক্ষণমধ্যে পরিগণিত করা যায় না। এই স্বরূপসিদ্ধা ভক্তির এমনই প্রভাব যে— ভক্তির অনুকরণকারী মূঢ় প্রোন্মত্ত প্রভৃতিতেও কোনপ্রকারে ভক্তিসম্বন্ধ থাকার ফলপ্রাপ্তি করাইয়া থাকেন। যেমন—শ্রীপ্রহ্লাদের পূর্ব্বজন্মে শ্রীনৃসিংহ-চতুর্দ্দশীর উপবাস। পূর্ব্বজন্মে শ্রীপ্রহ্লাদ একটি ব্রাহ্মণযুবক ছিলেন। চরিত্র অত্যন্ত কলুষিত থাকায় একটি বেশ্যাতে আসক্ত ছিলেন। একদিন বেশ্যার সঙ্গে মনোমালিন্য ঘটায় উপবাস করিয়া থাকেন। দেবাৎ সেইদিন শ্রীনৃসিংহচতুর্দ্দশীর উপবাস তিথি ছিল। ব্রাহ্মণ এই সমুদয় খবর কিছুই রাখেন না। খবর না থাকিলেও ভক্তির স্বভাবে ও প্রভাবে শ্রীনৃসিংহ চতুর্দ্দশীর উপবাসের ফলে পরজন্মে শ্রীনৃসিংহদেবের পরম ভক্ত হইয়াছিলেন এবং সেই ভক্তিতে নিত্যসিদ্ধ শ্রীপ্রহ্লাদের ভাবের সহিত কোনও পার্থক্য না থাকায়, পরজন্মে নিত্যসিদ্ধ শ্রীপ্রহ্লাদের সহিত সাযুজ্য লাভ করিয়াছিলেন। ২য় দৃষ্টান্ত—একটি শ্যেন পাখিকে কুক্কুরে আক্রমণ করিতে প্রবৃত্ত হইলে, সেই পাখিটি ভয়ে একটি ভগবন্মন্দির পরিক্রমা করে। সেই পাখিটির ভগবন্মন্দির পরিক্রমার ফলে বৈকুণ্ঠ লাভ হয়। এইপ্রকার অন্যদৃষ্টি প্রভৃতি দ্বারাও মূঢ় প্রভৃতি যদি নমস্কার করে, তাহা হইলে সেই নমস্কারের ফলে ভগবৎপ্রাপ্তি হইয়া থাকে। যেমন—গ্রীষ্মকালে কোনও লোক শ্রীভগবন্মন্দিরের সম্মুখে যাইয়া দেখিলে নাটমন্দিরটি শ্বেতপাথর দ্বারা বাঁধানো আছে। তখন ঠাণ্ডা পাইয়া সেই মন্দিরের সম্মুখে লম্বা হইয়া শয়ন করে; অষ্টাঙ্গপ্রণামের আভাসে পরজন্মে পরমভক্ত হইয়াছিলেন। এই পূর্ব্ববর্ণিত তিনপ্রকার ভক্তিই অকৈতবা ও সকৈতবা ভেদে দুই প্রকার। তন্মধ্যে আরোপসিদ্ধা ও সঙ্গসিদ্ধা যে ভক্তির সম্বন্ধ লইয়া ভক্তি সংজ্ঞা পাইতে সামর্থ্য লাভ করে, কেবল সেই ভক্তিমাত্রেরই যদি অপেক্ষা থাকে, ভক্তিভিন্ন অন্য ফলপ্রাপ্তির আকাঙ্ক্ষা না থাকে, সেই আরোপসিদ্ধা ও সঙ্গসিদ্ধা ভক্তি সকৈতবা। আর যদি স্বকীয় বা অন্যদীয় ফলাপেক্ষা থাকে, তাহা হইলে ঐ আরোপ ও সঙ্গসিদ্ধা ভক্তি অকৈতবা। পূর্ব্বে এই অকৈতবা ভক্তিকেই অকিঞ্চনা সংজ্ঞা দেওয়া হইয়াছে। "ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমঃ"—এই শ্লোকে এই ভক্তির সকৈতবত্ব এবং অকৈতবত্ব প্রমাণ করা হইয়াছে। মূলকথা—ভক্তি ভিন্ন ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের মধ্যে কোনও একটিতেও কামনা থাকিলে, সেই ভক্তি সকৈতবা। আর ধর্ম্মার্থকামমোক্ষের